গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
**জেলা সরকারি গণগ্রন্থাগার**
**বগুড়া।**
http://publiclibrary.bogura.gov.bd

স্মারক নং- ৪৩.২৬.১০০০.০০১.৯৯.০০১.২৩.১৫

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩০
১০ মার্চ, ২০২৪

**বিষয়: ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪' উপলক্ষে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা।**

১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪' উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার বগুড়ায় নিম্নোক্ত বিষয়ে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

**১। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস:**

চিত্রাংকন প্রতিযোগিতা:

| ক্রঃ নং | গ্রুপ | শ্রেণি | চিত্রাংকন প্রতিযোগিতার বিষয় | প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | ক | শিশু শ্রেণি - দ্বিতীয় শ্রেণি | উন্মুক্ত | স্থান: জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়া।<br>তারিখ: ১৬ মার্চ, ২০২৪ খ্রিঃ<br>সময়: সকাল ১১.০০ টা। |
| ২ | খ | তৃতীয় শ্রেণি - সপ্তম শ্রেণি | | |

**২। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস:**

রচনা প্রতিযোগিতা:

| ক্র:নং | গ্রুপ | শ্রেণি | রচনা প্রতিযোগিতার বিষয় | শব্দসীমা | রচনা জমা দেয়ার স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ১ | ক | পঞ্চম-অষ্টম | বঙ্গবন্ধু ও স্বাধীনতা | ৮০০ | স্থান: জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়া।<br>তারিখ: ২৪ মার্চ, ২০২৪ খ্রিঃ<br>সময়: বিকাল ৩.৩০ টার মধ্যে। |
| ২ | খ | নবম - দ্বাদশ | মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা | ১০০০ | |
| ৩ | গ | স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ | স্বাধীনতা পূর্ব ও স্বাধীনতা উত্তর বাংলাদেশ | ১২০০ | |

**শর্তাবলী:**

১. রচনা A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক পার্শ্বে লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদেরকে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়নপত্র/স্টুডেন্ট আইডি কার্ডের ফটোকপিসহ রচনা জমা দিতে হবে এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের অনুলিপি/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. প্রত্যেক প্রতিযোগীকে অবশ্যই পূর্ণনাম, পিতা ও মাতার নাম, সচল ফোন নম্বর ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪. চিত্রাংকন প্রতিযোগিতায় কাগজ ব্যতীত অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে এবং স্টুডেন্ট আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

উল্লিখিত অনুষ্ঠানসমূহে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

১০.০৩.২০২৪
মোঃ আমির হোসেন
সহকারী লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
বগুড়া।
ফোন: +৮৮০২৫৮৮১৩১৪৪
E-mail:dgplbogura19@gmail.com

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
-----------------------------------------------
-----------------------------------------------
-----------------------------------------বগুড়া।